

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি ও ট্রেজারারের পদত্যাগ ভিসির সঙ্গে বিরোধকেই কারণ বলছেন সংশ্লিষ্টরা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসির পদ থেকে অধ্যাপক হারুন-অর-রশিদ এবং ট্রেজারার পদ থেকে অধ্যাপক মীজানুর রহমান পদত্যাগ করেছেন। গতকাল মঙ্গলবার দুপুরে তারা শিক্ষামন্ত্রীর কাছে তাদের পদত্যাগপত্র জমা দেন। বিশ্ববিদ্যালয়ের তৃতীয় এবং চতুর্থ সর্বোচ্চ পদ থেকে তাদের একযোগে পদত্যাগে বিশ্বয় প্রকাশ করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। পদত্যাগকারী দুই শিক্ষকই আওয়ামী লীগ সমর্থিত দীল দল সমর্থক। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে বিভিন্ন বিষয়ে মতপার্থক্য ও মতবিরোধের

পৃষ্ঠা ২৩ কলাম ৪

ঢাকা বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর কারণে তারা পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এমপি পদত্যাগপত্র প্রাপ্তির বিষয়টি ইত্তেফাককে সিকিউত করেছেন। তবে এ বিষয়ে কোনো মন্তব্য করতে তিনি রাজি হননি। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, প্রো-ভিসি এবং কোষাধ্যক্ষের পদত্যাগের বিষয়টি জেনেছি। এটি অপ্রত্যাশিত। বিশ্ববিদ্যালয়ের সার্বিক দৈনিকের দায়িত্ব ভিসির। তাই নতুন কেউ এ পদে দায়িত্ব নেয়ার পূর্বে ভিসি হিসেবে আনাকেই দায়িত্ব পালন করতে হবে। অধ্যাপক হারুন-অর-রশিদ এবং অধ্যাপক মীজানুর রহমান পদত্যাগের পূর্বে তার সাথে কোনো যোগাযোগ করেননি বলে তিনি জানান। সংশ্লিষ্টরা জানিয়েছেন বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ভিসি, প্রো-